



ঢাকা বিশ্ববিদ্যালয়

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫ মার্চ ২০২৬ তারিখ বুধবার 'গণহত্যা দিবস' উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়েছে :

১. সন্ধ্যা ৭:১৫ মিনিট : 'স্মৃতি চিরস্তন'-এ মোমবাতি প্রজ্জ্বলন।
২. সন্ধ্যা ৭:২০ মিনিট : ডকুমেন্টারি প্রদর্শন। ডকুমেন্টারি প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. সন্ধ্যা ৭:৩৫ মিনিট : 'স্মৃতি চিরস্তন'-এ আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী।
৪. রাত ৮:১৫ মিনিট : জগন্নাথ হল প্রাঙ্গণে অবস্থিত গণ-সমাধিতে মোমবাতি প্রজ্জ্বলন ও শ্রদ্ধাজ্ঞাপন।
৫. রাত ১০:৩০ মিনিট থেকে ১০:৩১ মিনিট : ২৫ মার্চের কালরাত্রি স্মরণে রাত ১০:৩০ মিনিট থেকে ১০:৩১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত সকল জায়গায় 'ব্লাক-আউট' কর্মসূচি পালন করা হবে। এ উপলক্ষে রাত ১০:৩০ মিনিট থেকে ১০:৩১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিট বৈদ্যুতিক সংযোগ বন্ধ থাকবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. (ক) ২৫ মার্চ ২০২৬ বা'দ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়ায় শহিদদের স্মরণে বিশেষ মোনাজাত : এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন সিনিয়র ইমাম খতিব, মসজিদুল জামিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(খ) ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে প্রার্থনা: এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রাধ্যক্ষ, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

কর্মসূচিতে অংশগ্রহণের জন্য শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে অনুরোধ করা হলো।


০৪/০৩/২০২৬

মুনসী শামস উদ্দিন আহমদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

১২/১১/১৪৩২ বঙ্গাব্দ

তারিখ: ৪/৩/২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৬২০৫৯ - ৩১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতগণের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জরুরি ভিত্তিতে নয়):